# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৯৯/২২৫

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

বিষয়: কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসার গভার্ণিং বডিতে বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো /প্রশা/৫৩২২৫১০৫৫৬৫২/১২৩৮৬৯ তারিখঃ ০৩-১২-২০২৫ খ্রি.
২. অধ্যক্ষ, মোঃ নজরুল ইসলাম এর আবেদন তারিখ: ১৩-১২-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসার উপাধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে গভার্ণিং বডিতে বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন সূত্রোক্ত ১ নং স্মারকে দেয়া হয়। সূত্রোক্ত ২ নং স্মারকে অধ্যক্ষ মোঃ নজরুল ইসলাম অভিযোগ করে বলেন, অনুমোদিত কমিটি/গভর্নিং বডি গঠন অবৈধ সংক্রান্ত, মহামান্য সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর ১৫৪২৮/২০২৫ থাকা অবস্থায় মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মোঃ রুহুল আমিন মামলার তথ্য গোপন করে এডহক কমিটি/গভর্নিং বডি গঠন সংক্রান্ত কাজ করছেন। বিগত ০২-০৬-২০২৫ তারিখের ৮৫৪৭/২০২৫ নং রীট পিটিশন অধ্যক্ষের অনুকুলে আদেশ জারি হয়। ফলে উপাধ্যক্ষ জনাব মোঃ রুহুল আমিন এর সকল কার্যক্রম বাতিলসহ তার বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসার অধ্যক্ষ মোঃ নজরুল ইসলাম একটি আবেদন করেছেন।

উল্লেখ্য, জনাব মোঃ নজরুল ইসলাম অধ্যক্ষ থাকা অবস্থায় গভার্ণিং বডিতে বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের জন্য উপাধ্যক্ষ জনাব মোঃ রুহুল আমিনের আবেদন করা সঠিক হয়নি।

এমতাবস্থায়, সূত্রোক্ত ১ নং স্মারকে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসার গভার্ণিং বডিতে বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন এতদ্দ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৪.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মোঃ রুহুল আমিন
উপাধ্যক্ষ, দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসা
দাউদকান্দি, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৯৯/২২৫

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা;
৩. জেলা প্রশাসক, কুমিল্লা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, দাউদকান্দি, কুমিল্লা;
৫. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাউদকান্দি, কুমিল্লা;
৭. সভাপতি/সদস্যবৃন্দ, দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসা, দাউদকান্দি, কুমিল্লা;
৮. জনাব মোঃ নজরুল ইসলাম (আবেদনকারী), অধ্যক্ষ, দাউদকান্দি মদিনাতুল উলুম ইসলামিয়া কামিল মাদ্রাসা, দাউদকান্দি, কুমিল্লা;
৯. পি.ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. অফিস কপি;

২৪/১২/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd